6

দৈনিক ইত্তেফাক

তারিখ ..2 9..JAN 1991 ...
পৃষ্ঠা... 5 ... কলাম ... 9 ...

## ডিগ্রী (পাস) পরীক্ষা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী (পাস) '৯০ পরীক্ষা বিগত বৎসরের ৮ই ডিসেম্বর তারিখ হইতে আরম্ভ হইবার কথা ছিল। তারিখ পরিবর্তন করিয়া ৫ই ফেব্রুয়ারী ১৯৯১ ইং ধার্য করা হইয়াছে।

কিন্তু দেখা যাইতেছে যে, সময়সূচী অনুযায়ী কয়েকটি পরীক্ষা রমজান মাসে অনুষ্ঠিত হইবে। রমজান মাসে ইফতারের পরে তারাবীহর প্রস্তুতি লইতে হয়। ফলে সন্ধ্যায় পড়ার সুযোগ পাওয়া যায় না। আবার তারাবীহ ও এশার নামাজ শেষে পড়ার মতো শক্তি থাকে না। প্রস্তুতি যাহাই হউক না কেন, পরীক্ষার আগের রাতে না পড়িয়া পরীক্ষা দেওয়া দুঃসাধ্য। আবার রাত্রে সেহরীর সময়ও উঠিতে হয়। ফলে রাত্রি জাগরণও সম্ভব নয়। এহেন পরিস্থিতিতে রোজাদার পরীক্ষার্থীদের উপর জুলুম হইবে। বিষয়টির প্রতি কর্তৃপক্ষের সুদৃষ্টি কামনা করিতেছি।

—মারুফ বিল্লাহ, ১৪৮/১ ক্রিসেন্ট রোড. ঢাকা-১২০৫।